রাজনীতির আগে সুনাগরিক হওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

নতুন প্রজন্ম রাজনীতি ও রাষ্ট্র পরিচালনায় আগ্রহী হয়ে উঠবে বলে প্রত্যাশা করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তবে রাজনীতিতে আসার আগে নিজেদের যোগ্য, দক্ষ ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন তিনি।

রোববার (১৬ নভেম্বর) জাতীয় সংসদ ভবনে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সংসদ অধিবেশনের বিরতিতে শিক্ষার্থীরা তাঁর সঙ্গে দেখা করেন।

এ সময় শিক্ষার্থীদের তিনটি বিষয়ে বিশেষভাবে গুরুত্ব দিতে বলেন তারেক রহমান। তিনি বলেন, বাড়ি, শহর ও আশপাশের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে এবং নির্দিষ্ট স্থানে ময়লা ফেলতে হবে। বর্ষাকালে নিজের কিংবা পরিবারের সদস্যদের জন্মদিনে অন্তত একটি করে গাছ লাগানোর অভ্যাস গড়ে তুলতে হবে। পাশাপাশি পশুপাখিসহ সব প্রাণীর প্রতি সদয় ও মানবিক আচরণ করতে হবে।

সংসদ ভবন পরিদর্শনে আসা শিক্ষার্থীদের মধ্যে ছিলেন লালমনিরহাটের পাটগ্রাম ও হাতীবান্ধা উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া ৪১ জন শিক্ষার্থী, ছয়জন শিক্ষক ও অভিভাবক। এ ছাড়া দ্য আগা খান একাডেমির দশম ও একাদশ শ্রেণির ২৭ জন শিক্ষার্থী ও ছয়জন শিক্ষক এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ৪১ জন শিক্ষার্থী ও দুজন শিক্ষক এ পরিদর্শনে অংশ নেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের আগে শিক্ষার্থীরা সংসদ ভবন সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা নেন। পরে সংসদ লাইব্রেরি ঘুরে দেখেন এবং সরাসরি সংসদ অধিবেশন পর্যবেক্ষণ করেন। পরিদর্শন শেষে ভবনের উত্তর প্লাজায় তাঁরা ফটোসেশনে অংশ নেন।

এ সময় তথ্যমন্ত্রী আন্দালিভ রহমান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম, প্রধানমন্ত্রীর প্রেসসচিব সালেহ শিবলী, অতিরিক্ত প্রেসসচিব আতিকুর রহমান রুমন এবং প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২ মেহেদুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।